প্রথম আলো

তারিখ: 21 OCT 2015
পৃষ্ঠা: ৪ কলাম: 2

১১তম গ্রেডে বেতন দাবি প্রাথমিক সহকারী শিক্ষকদের

# ২৪ ডিসেম্বর মহাসমাবেশ

নিজস্ব প্রতিবেদক ●

অষ্টম জাতীয় বেতন স্কেলে ১১তম গ্রেডে বেতন এবং সরাসরি প্রধান শিক্ষক নিয়োগ বাতিলের দাবিতে আন্দোলনের কর্মসূচি ঘোষণা করেছে প্রাথমিক সহকারী শিক্ষক ফেডারেশন। কর্মসূচির মধ্যে রয়েছে আগামী ১ নভেম্বর থেকে ১৫ ডিসেম্বর পর্যন্ত জেলা ও বিভাগীয় পর্যায়ে এবং ২৪ ডিসেম্বর ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনারে মহাসমাবেশ।

গতকাল মঙ্গলবার সকালে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে এই কর্মসূচি ঘোষণা করা হয়। এতে লিখিত বক্তব্য পড়ে শোনান প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আবদুল বাতেন। তিনি বলেন, সারা দেশে প্রায় ৩ লাখ ৫০ হাজার প্রাথমিক সহকারী শিক্ষক রয়েছেন। শিক্ষার গুণগত মান উন্নয়নে তাঁরা কাজ করছেন। অথচ মাত্র ১৫ শতাংশ সহকারী শিক্ষক চাকরি জীবনে একবার পদোন্নতি পান। কিন্তু আমলাতান্ত্রিক জটিলতায় ২০০৯ সাল থেকে ওই পদোন্নতিও বন্ধ।